# গাজায় জ্বালানি সরবরাহে জাতিসংঘের সঙ্গে কাতারের চুক্তি



ছবি: সংগৃহীত

গাজায় মানবিক সহায়তা কার্যক্রম আরও জোরদার করতে জাতিসংঘের সঙ্গে চুক্তি করেছে কাতার। এর আওতায় অবরুদ্ধ গাজা উপত্যকায় ১৩ লাখ লিটার জ্বালানি সরবরাহ করা হবে।

কাতারের রাজধানী দোহা জানিয়েছে, জাতিসংঘের সঙ্গে সমন্বয় করেই এই জ্বালানি গাজায় পৌঁছানো হবে। মানবিক সহায়তার বিভিন্ন কার্যক্রম সচল রাখতে জ্বালানিটি ব্যবহার করা হবে।

কাতারের গাজা সহায়তা কর্মসূচি সম্প্রসারণের অংশ হিসেবেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। দীর্ঘ সংঘাতের কারণে বিদ্যুৎ ও জ্বালানির সংকটে থাকা গাজায় হাসপাতাল, পানি সরবরাহসহ জরুরি সেবাগুলো চালু রাখতে জ্বালানির চাহিদা বেড়েছে।

কাতার জানিয়েছে, জাতিসংঘের সহযোগিতায় সরবরাহ করা জ্বালানি মানবিক সহায়তা কার্যক্রমের প্রয়োজনেই ব্যবহার করা হবে।

দীর্ঘদিন ধরে চলা সংঘাতের মধ্যে গাজায় খাদ্য, পানি, চিকিৎসাসামগ্রী ও জ্বালানির সংকট আরও প্রকট হয়েছে। এমন পরিস্থিতিতে বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা সেখানে মানবিক সহায়তা বাড়ানোর উদ্যোগ নিচ্ছে।